‘ট্রান্সজেন্ডার’ শব্দ ব্যবহারের ব্যাখ্যা দিয়ে যা বললেন শিক্ষামন্ত্রী



শিক্ষা এবং প্রাথমিক ও গণশিক্ষামন্ত্রী ড. আ ন ম এহছানুল হক মিলন। ছবি: সংগৃহীত

একটি অনুষ্ঠানে তৃতীয় লিঙ্গের মানুষকে বোঝাতে গিয়ে অনিচ্ছাকৃতভাবে ‘ট্রান্সজেন্ডার’ শব্দটি ব্যবহার করেছিলেন বলে জানিয়েছেন শিক্ষা এবং প্রাথমিক ও গণশিক্ষামন্ত্রী ড. আ ন ম এহছানুল হক মিলন। ওই বক্তব্যে শব্দটি ব্যবহারের ক্ষেত্রে তাঁর উদ্দেশ্য ছিল ‘তৃতীয় লিঙ্গ’ বোঝানো বলে স্পষ্ট করেছেন তিনি।

শুক্রবার (৩০ অক্টোবর) দুপুরে নিজের ভেরিফায়েড ফেসবুক পেজে দেওয়া এক পোস্টে এ বিষয়ে ব্যাখ্যা দেন শিক্ষামন্ত্রী।

পোস্টে এহছানুল হক মিলন লেখেন, সম্প্রতি একটি অনুষ্ঠানে দেওয়া বক্তব্যে ব্যবহৃত একটি শব্দের সংশোধন এবং বক্তব্যের প্রেক্ষাপট পরিষ্কার করতে চান তিনি।

তিনি জানান, ওই অনুষ্ঠানে তৃতীয় লিঙ্গের একজন শিক্ষার্থী ডিগ্রি অর্জন করেন। তাঁর এই সাফল্যকে স্বাগত জানিয়ে তৃতীয় লিঙ্গের মানুষের শিক্ষায় অংশগ্রহণে উৎসাহ দেওয়ার বিষয়ে কথা বলেছিলেন তিনি। সমাজে এই জনগোষ্ঠীর অনেকেই অবহেলা, বঞ্চনা ও নেতিবাচক দৃষ্টিভঙ্গির শিকার হন। এসব বাধা পেরিয়ে তাঁদের শিক্ষায় এগিয়ে আসার বিষয়টিই ছিল বক্তব্যের মূল উদ্দেশ্য।

LENS ASIA

শিক্ষামন্ত্রী আরও বলেন, বক্তব্য দেওয়ার সময় তৃতীয় লিঙ্গ বোঝাতে গিয়ে অসাবধানতাবশত ‘ট্রান্সজেন্ডার’ শব্দটি ব্যবহার করেছেন। তবে সেখানে তাঁর অভিপ্রেত শব্দ ছিল ‘তৃতীয় লিঙ্গ’।

পোস্টের শেষাংশে তিনি দেশের মানুষের ধর্মীয় মূল্যবোধ ও অনুভূতির প্রতি শ্রদ্ধার কথা উল্লেখ করেন। একই সঙ্গে জানান, সেদিনের বক্তব্যের উদ্দেশ্য ছিল তৃতীয় লিঙ্গের মানুষের শিক্ষার সুযোগ এবং তাঁদের শিক্ষাগত অর্জনকে উৎসাহিত করা।